BAGNAN COLLEGE ESTD 1950

# ২০২৫

পঞ্চম সেমেস্টার

## বাংলা — সাম্মানিক

পত্র : DSCC-10

(প্রবন্ধ ও বিবিধ রচনা)

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) "তোমার কথাগুলি ভারি সোশিয়ালিস্টিক! সমাজ বিশৃঙ্খলার মূল!" — প্রসঙ্গ নির্দেশ করো। এই উক্তির আলোকে লেখকের সমাজমনস্কতার পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধে প্রাবন্ধিক যেসব সমস্যার কথা উত্থাপন করেছেন তা লেখো এবং তিনি যে সমাধানের কথা বলেছেন তা তোমার নিজের ভাষায় আলোচনা করো। ১৫

২। (ক) "সাহিত্য ঠিক প্রকৃতির আরশি নহে। কেবল সাহিত্য কেন, কোনো কলাবিদ্যাই প্রকৃতির যথাযথ অনুকরণ নহে।"— রবীন্দ্রনাথের এই মন্তব্যের নিরিখে সাহিত্যের অনুকরণ বিষয়ে তাঁর ভাবনার পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) "আধুনিক সাহিত্যের বিষয় ও বক্তব্যের দিকে লক্ষ্য রাখলে আমরা দেখি তার মূল্যবোধ বদলেছে।"— 'আধুনিক সাহিত্য' প্রবন্ধ অবলম্বনে দেখাও কোন কোন দিকে মানুষের মূল্যবোধ বদলেছে এবং প্রাচীন সাহিত্যের মূল্যবোধের সঙ্গে আধুনিক সাহিত্যের মূল্যবোধের পার্থক্যগুলি নির্দেশ করো। ১৫

৩। (ক) 'ছিন্নপত্র'-র পাঠ্য পত্রগুলি অবলম্বনে রবীন্দ্রনাথের গদ্যশৈলীর পরিচয় দাও। ১৫

*অথবা*

(খ) 'ছিন্নপত্র' অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্রীতির পরিচয় দাও। ১৫

৪। (ক) 'কমলাকান্তের দপ্তর'-এর 'আমার মন' রচনাটিতে কমলাকান্তের আত্মোপলব্ধির যে পরিচয় ফুটে উঠেছে, সংক্ষেপে তা পরিস্ফুট করো। ৫

*অথবা*

(খ) 'সংস্কৃতির সামাজিক দূরত্ব' বলতে তুমি কী বুঝেছো তা সংক্ষেপে লেখো। ৫

৫। (ক) "সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।"— উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

*অথবা*

(খ) "তাঁদের পক্ষে অনিবার্য ছিল রবীন্দ্রনাথের অনুকরণ এবং অসম্ভব ছিল রবীন্দ্রনাথের অনুকরণ।"— কাদের সম্পর্কে এমন মন্তব্য? প্রাবন্ধিক কেন এমন মন্তব্য করেছেন সংক্ষেপে তা পরিস্ফুট করো। ১+৪

৬। (ক) রবীন্দ্রনাথের ছোটগল্পের উৎস হিসাবে ছিন্নপত্রের যে-কোনো একটি পত্রের আলোচনা করো। ৫

*অথবা*

(খ) "পৃথিবী যে বাস্তবিক কী আশ্চর্য সুন্দরী তা কলকাতায় থাকলে ভুলে যেতে হয়।" — প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের প্রথম প্রবন্ধটির নাম কী?

(খ) "গঙ্গা বিষ্ণুপদ হইতে জন্মগ্রহণ করিয়াছেন বটে, কিন্তু ভগীরথ তাঁহাকে আনিয়াছেন।"— উদ্ধৃতিটি কোন প্রবন্ধ থেকে নেওয়া হয়েছে?

(গ) "এমত সময়ে একটি ক্ষুদ্র শব্দ হইল 'মেও'!"— এই 'মেও' ডাক প্রথমবার শোনার পর কমলাকান্তের কী মনে হয়েছিল?

(ঘ) "এ সম্বন্ধে আমি নিঃসংশয়।"— প্রাবন্ধিক সত্যেন্দ্রনাথ বসু কী সম্পর্কে নিঃসংশয়?

(ঙ) লালা লাজপৎ রায়ের 'বন্দেমাতরম' পত্রিকাটি কী ভাষায় লেখা ছিল?

(চ) "সাহিত্যের বিচার করিবার সময় দুইটি জিনিস দেখিতে হয়।"— দুইটি জিনিস কী কী?

(ছ) "এটা মানুষের জড়ত্বের একটা লক্ষণ।"— প্রাবন্ধিক কাকে জড়ত্বের লক্ষণ বলেছেন?

(জ) প্রাবন্ধিক গোপাল হালদার মানুষের আধুনিকতম আবিষ্কার বলতে কী বুঝিয়েছেন?

(ঝ) "রবীন্দ্রনাথের পরে বাংলা ভাষায় তিনিই প্রথম মৌলিক কবি।"— বুদ্ধদেব বসু কাকে রবীন্দ্রনাথের পরে প্রথম মৌলিক কবি বলেছেন?

(ঞ) সাহিত্য সম্পর্কে বার্নাড শ'-র অভিমত কী?

(ট) "ঐ-যে মস্ত পৃথিবীটা চুপ করে পড়ে রয়েছে ওটাকে এমন ভালোবাসি।"— কত সংখ্যক পত্রসংখ্যা থেকে উদ্ধৃতাংশটি গৃহীত?

(ঠ) 'ছিন্নপত্র'-র ৬৪ সংখ্যক পত্রটি কোথায় বসে লেখা?

(ড) 'ছিন্নপত্র'-র ১০৬ সংখ্যক পত্রটিতে রবীন্দ্রনাথের কোন গল্পের আভাস পাওয়া যায়?

(ঢ) "তোমাদের নিয়ে আমি আর কখনো বেরোব না।"— উক্তিটি কে করেছে?

(ণ) "মনে হল, সমস্ত পৃথিবীটা এমন সুন্দর অথচ এমন বেদনায় পরিপূর্ণ।"— কোন দৃশ্য দেখে রবীন্দ্রনাথ ঠাকুরের এমন অনুভূতি?